

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৫৪

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

باب

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّتَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ، حَدَّتَنَا هَاشِمُ، وَهُوَ ابْنُ سَعِيدٍ الْكُوفِيُّ حَدَّتَنِي كِنَانَةُ، مَوْلَى صَفِيَّةَ قَالَ سَمِعْتُ صَفِيَّةَ، تَقُولُ دَخَلَ عَلَىَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَبَيْنَ يَدَى َّ أَرْبَعَةُ آلاَف نَوَاةٍ أُسَبِّحُ بِهَا فَقُلْتُ لَقَدْ سَبَّحْتُ بِهَذِهِ . فَقَالَ " قُولِي سُبْحَانَ اللَّهِ فَقَالَ " أَلاَ أُعَلِّمُكِ بِأَكْثَرَ مِمَّا سَبَّحْت بِهِ " . فَقُلْتُ بَلَى عَلِّمْنِي . فَقَالَ " قُولِي سُبْحَانَ اللَّهِ عَدَدَ خَلْقِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَديثِ صَفِيَّةَ إِلاَّ مِنْ هَذَا عَلَى الْوَجْهِ مِنْ حَديثِ صَفِيَّة إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَديثِ هَاشِمِ بْنِ سَعِيدٍ الْكُوفِيِّ وَلَيْسَ إِسْنَادُهُ بِمَعْرُوفٍ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَاسٍ .

বাংলা

৩৫৫৪. মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) ... সাফিয়া রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেনঃ একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে এলেন। আমার কাছে তখন চার হাজার খেজুর বীচি ছিল। এগুলো দ্বারা আমি তাসবীহ পাঠ করছিলাম। তিনি বললেনঃ তুমি তো এগুলোর মাধ্যমে তাসবীহ পাঠ করছ। যে পরিমান তাসবীহ তুমি পাঠ করেছ, তদপেক্ষা বেশী পরিমাণের উপায় কি আমি তোমাকে শিখিয়ে দিব? আমি বললামঃ অবশ্যই আমাকে শিখিয়ে দিন। তিনি বললেনঃ তুমি বলবেঃ (سُبُحَانُ اللَّهِ عَدَدَ خَلْقِهِ) _ সৃষ্টির পরিমাণ সংখ্যকবার সুবহানাল্লাহ।

মুনকার, আর-রাদ্ধু আলাত তা'কীবিল হাসীস ৩৫-৩৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৫৪ [আল মাদানী প্রকাশনী] হাদীসটি গারীব। হাশিম ইবন সাঈদ কৃষী (রহঃ) এর রিওয়ায়াত হিসেবে এই সূত্র ছাড়া সাফিয়াা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত হাদীসরূপে এটি সম্পর্কে আমরা কিছু জানি না। তাঁর এই সনদ মা'রুফ নয়। এই বিষয়ে ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।



English

Saffiyah narrated:

"The Messenger of Allah () entered upon me and before me were four thousand date pits, I was making Tasbih with them. He said: 'You have made Tasbih with these? Should I not teach you that which is more than what you have made Tasbih with?' So I said: 'Indeed, teach me.' So he said: 'Say: glory is to Allah according to the number of His creation (Subḥān Allāhi `adada khalqihi).'"

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাফিয়্যা বিনতে হুয়াই (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন